দৈনিক
ইত্তেফাক

14 JAN 2017
৭ ৬

# চিতলমারীর স্কুলে নিয়োগ বাণিজ্যের অভিযোগ

■ চিতলমারী (বাগেরহাট) সংবাদদাতা

বাগেরহাটের চিতলমারীতে রায়গ্রাম নবপল্লী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির প্রধান শিক্ষক ও সভাপতির বিরুদ্ধে নিয়োগ বাণিজ্যের অভিযোগ উঠেছে। এ ঘটনায় সংশ্লিষ্ট দপ্তরে লিখিত অভিযোগ করা হয়েছে। উপজেলার রায়গ্রাম নবপল্লী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য রিপন রানা বলেন, 'স্কুলে সৃষ্টপদে সহকারী প্রধান শিক্ষক ও কম্পিউটার শিক্ষা বিষয়ে শিক্ষক নিয়োগের ব্যাপারে সভাপতি আনন্দ মোহন ও প্রধান শিক্ষক শিবপদ মজুমদার নিয়োগ বাণিজ্য করেছেন বলে অভিযোগ উঠেছে। কমিটির অন্য সদস্যদের মতামত ছাড়া এসব নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক কর্মকর্তাসহ সংশ্লিষ্ট দপ্তরে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।' এ বিষয়ে রায়গ্রাম নবপল্লী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিবপদ মজুমদার বলেন, 'সভাপতি আনন্দ মোহন নিয়োগের ব্যাপারে অনেকের কাছ থেকে অর্থ গ্রহণ করেছেন বলে শুনেছি। তবে আমি এর সাথে কোনোভাবেই জড়িত নই।'

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আনন্দ মোহন বলেন, 'আমি কোনো নিয়োগ বাণিজ্যের সাথে জড়িত নই।' উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মফিজুর রহমান বলেন, 'একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।'